



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-২ শাখা
www.telecomdept.gov.bd
৪২৩-৪২৮ তেজগাও শিল্প এলাকাঢাকা-১২০৮

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১৩.২৭.০০১.২০.৪১

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭

০২ সেপ্টেম্বর ২০২০

বিষয়: সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারকরণ সংক্রান্ত।

- সূত্র: ১) ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্মারক নং-১৪.০০.০০০০.০০৮.৯৯.০০১.১৯.১৭৯, তারিখ-২৬-০৮-২০২০ খ্রিঃ।
২) টেলিযোগাযোগ অধিদপ্তরের স্মারক নং- ১৪.৩০.০০০০.৪৩৪.০৪.০১৪.১৭-১, তারিখ- ১০-১০-২০১৭ খ্রিঃ।
৩) আপনার ২১-০৩-২০১৯ খ্রিঃ এবং ২৪-১০-২০১৯ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থিত স্মারকের পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ হাবিবুল্লাহ বাহার আজাদ, উপসহকারী প্রকৌশলী (ডেটে ন্যস্তকরণ প্রজ্ঞাপন ২৬৯ নং-৯৪৭) প্রেষণে বিভাগীয় প্রকৌশলী কো-এক্সিয়াল বিভাগ, বিটিসিএল, নীলক্ষেত, ঢাকায় কর্মরত থাকাকালীন সাভার থানার মামলা নং-৫২, তারিখ: ২৮-০৪-২০১৭ খ্রিঃ এর প্রেক্ষিতে সন্দিদ্ধ আসামী হিসেবে গত ০৬-০৯-২০১৭ খ্রিঃ তারিখে র্য়াব-৪ কর্তৃক গ্রেফতার হওয়ায় বিএসআর পার্ট-১ এর বিধি-৭৩ নোট-১, ২ এবং সংস্থাপন বিভাগের ২১ নভেম্বর, ১৯৭৮ খ্রিঃ স্মারক নং-ED (Reg VII/S-123/78/115(55) অনুযায়ী সূত্রস্থিত ১নং স্মারকের মাধ্যমে গ্রেফতারের তারিখ ০৬-০৯-২০১৭ খ্রিঃ থেকে সাময়িক বরখাস্ত করা হয়।

২। চার্জশীটে নাম না থাকায় বিজ্ঞ বিচারিক আদালত দায়েরকৃত মামলা হতে জনাব মোঃ হাবিবুল্লাহ বাহার আজাদ কে দায়মুক্তি প্রদান পূর্বক ০৪-০৯-২০১৮ খ্রিঃ তারিখে কারামুক্ত করেন এবং তিনি কতিপয় কারণ উল্লেখ করে বিলম্বে ২১-০৩-২০১৯ খ্রিঃ তারিখে ০৬ (ছয়) মাস ১৬ (ষোল) দিন পরে অধিদপ্তরে রিপোর্ট করেন। তার নিকট থেকে ২৪-১০-২০১৯ খ্রিঃ তারিখে অবসরোত্তর বেতন-ভাতাদির সুবিধাসহ পূর্ণকালীন লাম্প গ্রান্ট, আনুতোষিক ও পেনশন সুবিধা প্রদানের আবেদন পাওয়া যায়।

৩। এক্ষনে বিজ্ঞ আদালত কর্তৃক সাভার থানায় দায়েরকৃত মামলা হতে তাকে দায়মুক্তি প্রদান করায় অধিদপ্তরের ০১ নং সূত্রস্থ স্মারকে ইস্যুকৃত ০৬-০৯-২০১৭ খ্রিঃ তারিখের সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো।

৪। জনাব মোঃ হাবিবুল্লাহ বাহার আজাদ-এর সরকারী চাকুরীর ধারাবাহিকতা রক্ষার্থে বাংলাদেশ সার্ভিস রুলস (বিএসআর পার্ট-১) এর বিধি ৭২ (ক) অনুসরণে কারাবাসকালীন প্রেষণে বিটিসিএলে ০৬-০৯-২০১৭ খ্রিঃ থেকে ১১-০৬-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়কালকে কর্মকাল হিসেবে গন্য এবং বিএসআর পার্ট-১ এর বিধি ৭২ (খ) এবং নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর ৯(৩)(৩) অনুসরণে টেলিযোগাযোগ অধিদপ্তরের ১২-০৬-২০১৮ খ্রিঃ থেকে ২০-০৭-২০১৮ খ্রিঃ পর্যন্ত (অবসর গ্রহণের পূর্বদিন) মেয়াদকালীন অনুপস্থিতিকাল তার আবেদন মোতাবেক ভুতাপেক্ষভাবে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

৫। গণকর্মচারী (অবসর) আইন'১৯৭৪ এর ৪ ধারা এবং ৭(১) ধারা অনুসারে জনাব মোঃ হাবিবুল্লাহ বাহার আজাদ-এর জন্ম তারিখ ২২-০৭-১৯৫৯ খ্রিঃ অনুযায়ী ২১-০৭-২০১৮ খ্রিঃ তারিখে ৫৯ বছর পূর্ণ হওয়ায় এবং অবসরোত্তর ছুটির আবেদন জমাদান করতে না পারায় ২১-০৭-২০১৮ খ্রিঃ তারিখে ভুতাপেক্ষভাবে অবসরোত্তর ছুটি (পিআরএল) বিহিন অবসর প্রদান করা হলো।

৬। চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১০ (২) (খ) অনুচ্ছেদ অনুসারে উদ্বৃত্ত অর্জিত ছুটি পাওনা সাপেক্ষে ১৮ (আঠার) মাসের এককালীন থোক মঞ্জুরী (ল্যাম্পগ্র্যান্ড) সুবিধা প্রাপ্য হবেন।

৭। প্রচলিত বিধি অনুযায়ী আবেদন সাপেক্ষে আনুতোষিক ও পেনশন সুবিধা প্রাপ্য হবেন।

২-৯-২০২০

মোঃ মহসিনুল আলম

মহাপরিচালক

জনাব মোঃ হাবিবুল্লাহ বাহার আজাদ, উপসহকারী প্রকৌশলী
(সাময়িক বরখাস্ত) (ডেট প্রজ্ঞাপন ২৬৯ নং-৯৪৭),
টেলিযোগাযোগ অধিদপ্তর, ৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা,
ঢাকা-১২০৮। (স্থায়ী ঠিকানা : বৃতিদেবী রাজনগর, ডাকঘর-
মির্জাপুর, থানা-শৈলকুপা, জেলা-ঝিনাইদহ)

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১৩.২৭.০০১.২০.৪১/১(১০)

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭
০২ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ২) অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন ও অর্থ, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ৩) অতিরিক্ত মহাপরিচালক, কারিগরি, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ৪) অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), রেগুলেটরি, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ৫) পরিচালক, অর্থ অনুবিভাগ, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ৬) পরিচালক, ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ৭) উপপরিচালক, আইসিটি বাস্তবায়ন অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর (অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোডের নিমিত্তে)
- ৮) উপপরিচালক, টেলিকম নিরাপত্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ৯) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (তার ও দুরালাপনী), সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
- ১০) অফিস কপি, ।

২-৯-২০২০

সঞ্জিব কুমার ঘটক

পরিচালক